রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৭ সনের ৪৮ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ৩০, ২০১৭

সূচীপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৭৯৩—৮০৮ | ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৫৫—৫৬ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৭৪৭—১৭৮১ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৮৬৯—১৯০৮ | (৬) . . . . . তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ

প্রবিধি অনুবিভাগ

প্রবিধি-৩ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ, ০৮ কার্তিক ১৪২৪ বঃ/২৩ অক্টোবর ২০১৭ খ্রিঃ

নং ০৭.০০.০০০০.১৭৩.৪৪.০১৮.১৪-১০২—সরকার পরিবেশ ও বন মন্ত্রণালয়ের অধীন সুন্দরবন পূর্ব ও পশ্চিম বন বিভাগে কর্মরত জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১১ থেকে ২০ নং গ্রেডভুক্ত কর্মচারীগণের জন্য এ প্রজ্ঞাপন জারির তারিখ হতে নিম্নবর্ণিত শর্তে মূলবেতনের ৩০% হারে ঝুঁকি ভাতা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে ঃ

শর্তাবলি ঃ

(ক) সুন্দরবন পূর্ব ও পশ্চিম বন বিভাগে কর্মরত কর্মচারীগণের ক্ষেত্রে এ ভাতা প্রযোজ্য হবে;

(খ) সুন্দরবন পূর্ব ও পশ্চিম বন বিভাগের সাংগঠনিক কাঠামোর বাইরের কোন কর্মচারী এ ভাতা পাবে না;

(গ) ৩০-০৬-২০১৫ খ্রিঃ তারিখে আহরিত/প্রাপ্ত মূলবেতনের ভিত্তিতে এ ভাতা প্রাপ্য হবে; এবং

(ঘ) ০১-০৭-২০১৫ খ্রিঃ তারিখের পরে নিয়োগকৃত, পদোন্নতিপ্রাপ্ত উচ্চতর গ্রেডপ্রাপ্ত কর্মচারীগণ জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর অনুরূপ মূল স্কেলের ভিত্তিতে ৩০% হারে ভাতা প্রাপ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ গোলাম মোস্তফা
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**

**কেন্দ্রীয় ব্যাংক অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৪ অক্টোবর ২০১৭

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০২১.১৭-৬৪৪**—প্রবাসী কল্যাণ ব্যাংক আইন, ২০১০ এর ১০(১)(খ) ধারার প্রদত্ত ক্ষমতাবলে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিনিধি জনাব জাবেদ আহমেদ, অতিরিক্ত সচিব এর পরিবর্তে জনাব মোঃ আমিনুল ইসলাম, অতিরিক্ত সচিব-কে প্রবাসী কল্যাণ ব্যাংকের পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে ০৩(তিন) বছরের জন্য নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রিজওয়ানুল হুদা**
উপসচিব।

---

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১১ কার্তিক, ১৪২৪ বঙ্গাব্দ/২৬ অক্টোবর, ২০১৭ খ্রিঃ

**নং ২৫.০০.০০০০.০১৩.৯৯.০১৫.১৭-১১২**—নাটোর গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী জনাব মশিউর রহমান আকন্দ, উপ বিভাগীয় প্রকৌশলী জনাব জিয়াউর রহমান এবং উপ-সহকারী প্রকৌশলী জনাব কামরুজ্জামান নাটোর উত্তরা গণভবনে অবৈধভাবে গাছ কর্তন, অপসারণ ও অন্যান্য অনিয়মসহ কর্তব্যকাজে অবহেলা করেছেন যা সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমাল, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী অসদাচরণের শামিল। তাদের বিরুদ্ধে আনীত এহেন অসদাচরণের অভিযোগে তাদেরকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ১১ মোতাবেক সরকারি চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালে তাহারা বিধি মোতাবেক খোরপোষভাতা (Subsistance Allowance) প্রাপ্য হবেন।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শহীদ উল্লা খন্দকার**
সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ শাখা-২**

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ, ০৯ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ/২৪ অক্টোবর, ২০১৭ খ্রিঃ

**নং ৩১.০০.০০০০.০৪৯.০২৩.২০১৫-২০৮**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭ নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রমিক | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| ১ | বিধিরপুর | ৯২ | মোহনপুর | রাজশাহী |
| ২ | বিলপালশা-১ | ৯৩ | মোহনপুর | রাজশাহী |
| ৩ | বিশালপুর | ৩৪ | মোহনপুর | রাজশাহী |
| ৪ | ভরপালসা | ৩৫ | মোহনপুর | রাজশাহী |
| ৫ | সিংহমারা | ১০১ | মোহনপুর | রাজশাহী |
| ৬ | ফুলশো | ১০৫ | মোহনপুর | রাজশাহী |
| ৭ | বিলপালসা-২ | ৯৫ | মোহনপুর | রাজশাহী |
| ৮ | সেহালই | ১০৭ | মোহনপুর | রাজশাহী |

নং ৩১.০০.০০০০.০৪৯.৩৩.০০৯.১৭-২০৯—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রং নং | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ব্রহ্মপুর | ৪২ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ২ | হাসিমপুর | ৫০ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৩ | কালিকৃষ্ণনগর | ৫৩ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৪ | করইবন | ৫৪ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৫ | জগমোহনপুর | ৬০ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৬ | দূর্গাপুর | ৮২ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৭ | নারায়নপুর | ৮৬ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৮ | কিংনারায়নপুর | ৮৭ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৯ | বাগইগ্রাম | ৯২ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ১০ | ছেউরিয়া | ১০৩ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ১১ | পটকরা | ১১৫ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ১২ | কৃষ্ণপুর | ১২৩ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ১৩ | আমিরাদপুর | ১২৪ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ১৪ | রাঙ্গামাটিয়া | ১৩০ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ১৫ | রাজেন্দ্রপুর | ১৩১ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ১৬ | পদুয়াখামার পুষ্করনী | ১৪৮ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ১৭ | কাচিয়াপুষ্করনী | ১৪৯ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ১৮ | ধনিজকরা | ১৫০ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ১৯ | দূর্গাপুর | ১৫১ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ২০ | গাছবাড়িয়া | ১৫২ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ২১ | দলুয়া | ১৬৩ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ২২ | পাশাকোটা | ১৬৪ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ২৩ | অথরবাগ | ১৬৫ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ২৪ | গোবিন্দপুর | ১৬৬ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ২৫ | উনকোট পাঠানবাড়ী | ১৬৭ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ২৬ | কদরঘর কালিকাপুর | ৭২ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ২৭ | চন্দপুর | ১৭৬ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ২৮ | বারাইশ | ৮০ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ২৯ | ডাকারা | ১৮৮ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৩০ | যাত্রাপুর | ১৮৯ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৩১ | সিংরাইশ | ১৯১ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৩২ | মিথিল্লা | ১৯২ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৩৩ | কিসমত শ্রীপুর | ১৯৬ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৩৪ | গোমারবাড়ী | ২০১ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৩৫ | সেনেরখিল | ২০৬ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৩৬ | দেবীপুর | ২২০ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৩৭ | ডলবা | ২২৪ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৩৮ | আটগ্রাম | ২২৮ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৩৯ | কালিকাপুর | ২৩০ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৪০ | লুদিয়ারা | ২৪০ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৪১ | দূর্গাপুর | ২৪২ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৪২ | কালিয়ারা | ২৪৩ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৪৩ | গুনিশকরা | ২৪৫ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৪৪ | জাটিয়ারখিল | ২৭০ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৪৫ | বড়খাইয়েজলা | ২৭৩ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |

| ক্রং নং | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৪৬ | ঝিকড্ডা | ২৭৪ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৪৭ | লক্ষীপুরজলা | ২৮৭ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৪৮ | চাপাচৌ | ২৮৯ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৪৯ | রাজবল্লভপুর | ২৯০ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৫০ | দশবাহা | ২৯৫ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৫১ | পরিকোট | ২৯৮ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৫২ | রামপুর | ৩০২ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৫৩ | কাইরখোলা | ৩০৬ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৫৪ | শাকতলা | ৩১৩ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৫৫ | সাকচি | ৩২৫ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৫৬ | তৈয়াসার | ৩২৭ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৫৭ | নেওড়া | ৩২৯ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৫৮ | নওয়াগ্রাম | ৩৩১ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৫৯ | চরপাড়া | ৩৩৫ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৬০ | ডিমাতলী | ৩৩৬ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | |
| ৬১ | পরমতলা | ১০৫ | মুরাদনগর | কুমিল্লা | |
| ৬২ | রাধানগর | ৮৭ | লাকসাম | কুমিল্লা | |
| ৬৩ | আজ্বপুর | ১৯০ | লাকসাম | কুমিল্লা | |
| ৬৪ | জালগাঁও | ১৯৩ | লাকসাম | কুমিল্লা | |
| ৬৫ | পশ্চিম নছরতপুর | ২১২ | লাকসাম | কুমিল্লা | |
| ৬৬ | দক্ষিণ অশ্বত্থতলা | ২১৩ | লাকসাম | কুমিল্লা | |
| ৬৭ | পূর্ব গোবিন্দপুর | ২৮৫ | লাকসাম | কুমিল্লা | |
| ৬৮ | পোমগাঁও | ৩৭৭ | লাকসাম | কুমিল্লা | |
| ৬৯ | পেয়ারাতলি | ৩৯১ | লাকসাম | কুমিল্লা | |
| ৭০ | মান্দারগাঁও | ৪১৪ | লাকসাম | কুমিল্লা | |
| ৭১ | পূর্ব্ব তালতলা | ৪১৫ | লাকসাম | কুমিল্লা | |
| ৭২ | নয়ানপুর | ৪১৯ | লাকসাম | কুমিল্লা | |
| ৭৩ | গাজিয়াপাড়া | ৪৩০ | লাকসাম | কুমিল্লা | |
| ৭৪ | সাটরা | ৪৪২ | লাকসাম | কুমিল্লা | |
| ৭৫ | বিপুলাসার | ৪৪৫ | লাকসাম | কুমিল্লা | |
| ৭৬ | পশ্চিম দাতিয়ারা | ২৭৬ | ব্রাহ্মণবাড়ীয়া সদর | ব্রাহ্মণবাড়ীয়া | মহামান্য হাইকোর্ট বিভাগে ৯৯০১/১৫ ও ১২৭৫/১৭ নং রীট দায়ের থাকায় তৎসংশ্লিষ্ট ১৫৪, ২৯০ ও ৩০০ নং খতিয়ান ব্যতীত। |
| ৭৭ | হাবলা উচ্চ | ২৮৯ | ব্রাহ্মণবাড়ীয়া সদর | ব্রাহ্মণবাড়ীয়া | |
| ৭৮ | বড় সুলতানপুর | ২৯১ | ব্রাহ্মণবাড়ীয়া সদর | ব্রাহ্মণবাড়ীয়া | |
| ৭৯ | উজানী সার | ২৯৩ | ব্রাহ্মণবাড়ীয়া সদর | ব্রাহ্মণবাড়ীয়া | |
| ৮০ | ঘাটিয়ারা | ২৯৪ | ব্রাহ্মণবাড়ীয়া সদর | ব্রাহ্মণবাড়ীয়া | |

নং ৩১.০০.০০০০.০৩৬.৪৯.০০২.১৫-২১০—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চুড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রং নং | মৌজার নাম | জে এল নং | থানার নাম | জেলার নাম | খতিয়ান নং |
|---|---|---|---|---|---|
| ১ | বাউনিয়া | ০১ | পল্লী | ঢাকা | ১০৬৯১ ও ১২৯১০ = ২টি |

তারিখ, ৮ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ/২৩ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৩১.০৩৬.০৩৩.০০০০.০০.০০৬.২০১১-২১১**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রং নং | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| ১ | কলাডেমা চহট্টা | ০৫ | বরিশাল সদর | বরিশাল |
| ২ | মগরপাড়া | ০৭ | বরিশাল সদর | বরিশাল |
| ৩ | গণপাড়া | ১২ | বরিশাল সদর | বরিশাল |
| ৪ | দিয়াপাড়া | ১৪ | বরিশাল সদর | বরিশাল |
| ৫ | খয়েরদিয়া | ২১ | বরিশাল সদর | বরিশাল |
| ৬ | ডেফুলিয়া | ২৯ | বরিশাল সদর | বরিশাল |
| ৭ | বাঘিয়া | ৩২ | বরিশাল সদর | বরিশাল |
| ৮ | মাতাসার | ৩৪ | বরিশাল সদর | বরিশাল |
| ৬ | কুমুন্দপট্টী | ৩৬ | বরিশাল সদর | বরিশাল |
| ১০ | কাগাসুরা | ৩৯ | বরিশাল সদর | বরিশাল |
| ১১ | চর আবদানী | ৪২ | বরিশাল সদর | বরিশাল |
| ১২ | চর হোগলা | ৬৬ | বরিশাল সদর | বরিশাল |
| ১৩ | দিবাকর | ৮০ | বরিশাল সদর | বরিশাল |
| ১৪ | দিঘলপাতা | ৮২ | বরিশাল সদর | বরিশাল |
| ১৫ | রাজধর | ১০৬ | বরিশাল সদর | বরিশাল |
| ১৬ | মকরম প্রতাপ | ১১১ | বরিশাল সদর | বরিশাল |
| ১৭ | মোল্লার হাওলা | ১১৯ | বরিশাল সদর | বরিশাল |
| ১৮ | চর হিজলতলা | ১২৮ | বরিশাল সদর | বরিশাল |
| ১৯ | বারইকান্দি | ১৩০ | বরিশাল সদর | বরিশাল |
| ২০ | স্বন্থুল চাষী মিজ্জাগঞ্জ | ১৩৭ | বরিশাল সদর | বরিশাল |
| ২১ | দক্ষিণ পালরদি | ৫৪ | গৌরনদী | বরিশাল |
| ২২ | ঘেয়াঘাট | ৭৬ | গৌরনদী | বরিশাল |
| ২৩ | শাঁককাটী | ১২৩ | গৌরনদী | বরিশাল |
| ২৪ | কিসমত ঠাকুর মল্লি | ১৪ | বাবুগঞ্জ | বরিশাল |
| ২৫ | মাধবপাশা | ৫৮ | বাবুগঞ্জ | বরিশাল |
| ২৬ | ছাতিয়া | ৬৬ | বাবুগঞ্জ | বরিশাল |
| ২৭ | বসুন্ডা | ২৯ | আগৈলঝাড়া | বরিশাল |
| ২৮ | গরঙ্গল রাজপাশা | ১২১ | ঝালকাঠী সদর | ঝালকাঠী |
| ২৯ | উত্তর কিস্তাকাটী | ১৪৭ | ঝালকাঠী সদর | ঝালকাঠী |
| ৩০ | পৈকখালী | ২২ | ভান্ডারিয়া | পিরোজপুর |
| ৩১ | গৌরীপুর | ৩১ | ভান্ডারিয়া | পিরোজপুর |

**নং ৩১.০৩৬.০০০০.০০.০৪৯.০০৯.২০১৪-২১২**—১৫৫ সনের প্রজস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭ নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রং নং | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| ১ | মোবারককাটি | ৭৬ | যশোর সদর | যশোর |
| ২ | খয়েরতলা | ৯৬ | যশোর সদর | যশোর |
| ৩ | কিসমত নোয়াপাড়া | ১০৪ | যশোর সদর | যশোর |
| ৪ | আজমপুর | ২৩ | ঝিকরগাছা | যশোর |
| ৫ | সাগরপুর | ৩৫ | ঝিকরগাছা | যশোর |
| ৬ | ফারাসতপুর | ৬৪ | ঝিকরগাছা | যশোর |
| ৭ | সালকোনা | ১ | সারসা | যশোর |
| ৮ | জলকর সব্দলচক | ২৭ | সারসা | যশোর |
| ৯ | লাউতাড়া | ৮৫ | সারসা | যশোর |
| ১০ | ধলদহ | ১০৪ | সারসা | যশোর |

| ক্রং নং | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| ১১ | গোগা | ১১৫ | সারসা | যশোর |
| ১২ | পানিছত্র | ১৯৭ | মনিরামপুর | যশোর |
| ১৩ | দক্ষিণ মনোহরপুর | ১৫৬ | শৈলকুপা | ঝিনাইদহ |
| ১৪ | তাহেরহুদা | ১৪ | হরিণাকুন্ড | ঝিনাইদহ |
| ১৫ | সোলেমানপুর | ৬৩ | কোট চাঁদপুর | ঝিনাইদহ |
| ১৬ | গোয়ালখালী | ৬২ | মাগুরা সদর | মাগুরা |
| ১৭ | পারলা | ৬৩ | মাগুরা সদর | মাগুরা |
| ১৮ | বেলনগর | ২২৩ | মাগুরা সদর | মাগুরা |
| ১৯ | পরমেশ্বরপুর | ১০৬ | মহম্মদপুর | মাগুরা |
| ২০ | বেথরী | ১১৪ | মহম্মদপুর | মাগুরা |
| ২১ | লস্করপুর | ৭১ | নড়াইল সদর | নড়াইল |
| ২২ | পাঁচুড়িয়া | ১০৩ | নড়াইল সদর | নড়াইল |
| ২৩ | রায়খালী | ১২৫ | নড়াইল সদর | নড়াইল |
| ২৪ | ডুমদি | ১৭৪ | নড়াইল সদর | নড়াইল |
| ২৫ | আড়পাড়া | ৫৪ | লোহাগড়া | নড়াইল |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রফিকুল ইসলাম**
যুগ্মসচিব।

---

**অধিগ্রহণ-২**

**এল.এ কেস নং ১২/৭৩-৭৪**

**ফরম -ঘ**

**(০৫ নং বিধি দ্রষ্টব্য)**

**ঘোষণা**

**[৫(৭) ধারা মোতাবেক]**

যেহেতু, নিম্নে তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুমদখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ১৬-০৯-১৯৭৪ খ্রিঃ তারিখের আদেশ দ্বারা হুকুমদখল করা হয়েছে।

যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুমদখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রির্পোট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্নে তফসিলে বর্ণিত উক্ত হুকুমদখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো এবং ইহা সর্ব প্রকার দায়-দায়িত্ব মুক্ত হয়ে সরকারের ওপর অর্পিত হলো।

**তফসিল**

মৌজা-পলোয়া খালী, জে, এল নং-৪৬, সিট নং-০৩, উপজেলা-লালমোহন, জেলা-ভোলা।

| দাগ নং (এস, এ) | দাগের অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) | মোট অধিগ্রহণকৃত জমিরি পরিমাণ (একর) |
|---|---|---|
| ৬০৫ | ০.৯৬ | ৩.৭১ একর |
| ৬০৬ | ০.৫১ | |
| ৬০৭ | ০.৬৩ | |
| ৬১১ | ০.২০ | |
| ৬১৫ | ০.৭৫ | |
| ৬১৬ | ০.৩৪ | |
| ৬২৩ | ০.২৬ | |
| ৬২৪ | ০.০৬ | |

অধিগ্রহণকৃত জমির নক্সা জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা এর ভূমি হুকুম দখল শাখায় দেখা যেতে পারে।

**মোহাং সেলিম উদ্দিন**
জেলা প্রশাসক।

## স্বরাষ্ট্র মন্ত্রণালয়
## সুরক্ষা সেবা বিভাগ
## শৃংখলা-২ শাখা

### আদেশ

তারিখ, ০৪ কার্তিক ১৪২৪ বাঙ্গাব্দ/১৯ অক্টোবর ২০১৭ খ্রিঃ

নং ৫৮.০০.০০০০.০৭৭.০১.০০৪.১৭.৪৩—যেহেতু, জনাব মুনসী মুয়ীদ ইকরাম, পরিচালক, বিভাগীয় পার্সপোর্ট ও ভিসা অফিস, আগারগাঁও, ঢাকা (বর্তমানে সাময়িকভাবে বরখাস্তকৃত) এর বিরুদ্ধে তুরস্কে অবস্থিত কনস্যুলার জেনারেল কর্তৃক ২৯-০৪-২০১৫ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়ে এ মর্মে অভিযোগ করা হয় যে, তিনি বাংলাদেশী সাধারণ নাগরিকদের ভূয়া অনাপত্তি সনদ এর ভিত্তিতে কোন রকম যাচাই বাছাই ব্যতিরেকে অবৈধভাবে প্রাপ্যতাবিহীন অফিসিয়াল পাসপোর্ট প্রদান করতঃ বহিঃ বিশ্বে বাংলাদেশের অফিসিয়াল পাসপোর্টের গ্রহণযোগ্যতা ও দেশের ভাবমূর্তি ক্ষুন্ন করেছেন। ০৩(তিন) সদস্য বিশিষ্ট কমিটির মাধ্যমে অভিযোগসমূহ তদন্ত করা হলে তদন্তে প্রাথমিকভাবে অভিযোগসমূহ প্রমাণিত হয়। এ পরিপ্রেক্ষিতে জনাব মুনসী মুয়ীদ ইকরামকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করতঃ ৩০-০৮-২০১৫ তারিখে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি অনুযায়ী অসদাচরণের দায়ে অভিযুক্ত করে বিভাগীয় মামলা রুজুপূর্বক তাঁকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, জনাব মুনসী মুয়ীদ ইকরাম তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় আনীত অভিযোগ নামার ভিত্তিতে প্রেরিত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করে নিজেকে নির্দোষ দাবী করেন ও ব্যক্তিগত শুনানী প্রার্থনা করেন;

যেহেতু, গত ২৯-১১-২০১৫ তারিখে তাঁর শুনানী গ্রহণ করা হয় এবং শুনানীকালে আত্মপক্ষ সমর্থনে তাঁর উপস্থিতি কাগজপত্র ও ব্যক্তব্য সন্তোষজনক প্রতীয়মান না হওয়ায় সমগ্র নথিটি পর্যালোচনাপূর্বক ন্যায় বিচারের স্বার্থে বিভাগীয় মামলার অভিযোগসমূহ তদন্তের সিদ্ধান্ত গ্রহণপূর্বক স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের একজন যুগ্মসচিবকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা জনাব মোঃ সাহেদ আলী (যুগ্মসচিব) তদন্ত করতঃ প্রতিবেদনে এ মর্মে মতামত দেন যে, অভিযুক্ত কর্মকর্তা জনাব মুনসী মুয়ীদ ইকরাম, পরিচালক বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, আগারগাঁও, ঢাকা (বর্তমানে সাময়িক বরখাস্তকৃত) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে।

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ তদন্তে সন্দেহাতিতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে চাকরি হতে কেন বরখাস্ত করার গুরুদন্ড প্রদান করা হবে না মর্মে ২য় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, ২য় কারণ দর্শানো নোটিশের জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় জনাব মুনসী মুয়ীদ ইকরাম, পরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, আগারগাঁও, ঢাকা (বর্তমানে সাময়িক বরখাস্তকৃত) কে ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ৩(বি) অনুযায়ী অসদাচরণের দায়ে দোষী সাব্যস্তপূর্বক তাঁকে চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service) করে গুরুদণ্ড প্রদান করা হবে মর্মে সরকার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করে;

যেহেতু, জনাব মুনসী মুয়ীদ ইকরাম ২০১৫ সালের জাতীয় বেতন স্কেল অনুযায়ী ৪র্থ গ্রেডের একজন নন ক্যাডার গেজেটেড কর্মকর্তা হওয়ায় প্রস্তাবিত গুরুদন্ড কার্যকরের জন্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন জনাব মুনসী মুয়ীদ ইকরামকে স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) অনুযায়ী অসদাচরণের দায়ে চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service) করে গুরুদণ্ড প্রদনের প্রস্তাবিত সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে;

সেহেতু, এক্ষণে জনাব মুনসী মুয়ীদ ইকরাম, পরিচালক (বর্তমানে সাময়িকভাবে বরখাস্তকৃত) বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, আগারগাঁও, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধিমতে আনীত অসদাচরণ এর অভিযোগ সন্দোহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে উক্ত অভিযোগে দোষী সাব্যস্ত করা হলো এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সুপারিশের আলোকে উক্ত অভিযোগের দায় একই বিধিমালায় ৪(৩)(ডি) বিধিমতে তাঁকে চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service) করার গুরুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অনতিবিলম্বে কার্যকর হবে।

**ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী**
সচিব।

---

## জননিরাপত্তা বিভাগ
## আইন-২ শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ২৫ আর্শ্বিন ১৪২৪/১০ অক্টোবর ২০১৭

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭.৫৮২—কালিহাতী থানার মামলা নং-০৪, তারিখ, ০৫-০৭-২০১৬ খ্রিঃ এ তদন্তে এবং গ্রেপ্তারকৃত আসামীদের নিকট হতে প্রাপ্ত জব্দকৃত আলামত ছোরা, চাপাতি, মেমোরী কাডসহ মোবাইল ফোন এবং নোটবুক ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠন জেএমবি'র সক্রিয় সদস্য। আসামীরা ধর্মাবলম্বী মানুষসহ যে কোন সরকারি সংস্থা বা আইন প্রয়োগকারী বাহিনীর সদস্য, বিদেশী নাগরিক বা ভিন্ন মতাদর্শীদের হত্যা করে দেশে অরাজকতা সৃষ্টির লক্ষ্যে সন্ত্রাসী কার্যক্রমের অপরাধে জড়িত। তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭.৫৮৩—পলাশবাড়ি থানার মামলা নং ০৭, তারিখ ০৪-০৪-২০১৭ খ্রিঃ এ গত ০৪-০৪-২০১৭ তারিখে গাইবান্ধা জেলার পলাশবাড়ী থানাধীন কিশামত কেওয়াবাড়ি গ্রামের জনৈক মোঃ আব্দুল ওহাব প্রধান (৪৫), এর বাড়িতে কতিপয় লোকজন সন্ত্রাসী/জঙ্গী জননিরাপত্তা বিঘ্নিত করার উদ্দেশ্যে গোপন ষড়যন্ত্র করছে এরূপ সংবাদের ভিত্তিতে পুলিশ উক্ত স্থানে উপস্থিত হয়। পুলিশের উপস্থিতি টের পেয়ে পালানোর সময় আসামী মোঃ মেহেদুল ইসলাম (৩৫), পিতা মৃত নুরুল আকন্দ

ওরফে বাচ্চা মিয়াসহ ০৩ জনকে আটক করা হয়। তদন্তে এবং কক্ষ হতে প্রাপ্ত জব্দকৃত আলামত বিভিন্ন ধরনের জিহাদি বই ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জেএমবির সক্রিয় সদস্য। তারা ব্যক্তি বা রাষ্ট্রের সম্পত্তির ক্ষতি সাধন করার উদ্দেশ্যে গোপন ষড়যন্ত্রমূলক বৈঠক করার অপরাধে জড়িত। তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭.৫৮৪—মহেশপুর থানার মামলা নং-২০, তারিখ, ১৮-০৬-২০১৬ খ্রিঃ এ গত ১৮-০৬-২০১৬ তারিখে মহেশপুর থানাধীন বগা গ্রামের জনৈক মরিয়ম বেগম এর বাড়িতে কতিপয় লোক সরকার বিরোধী এবং নাশকতামুলক সন্ত্রাসী কার্যকলাপের জন্য গোপন মিটিং করছে এরূপ সংবাদের ভিত্তিতে পুলিশ উক্ত স্থানে উপস্থিত হয়। পুলিশের উপস্থিতি টের পেয়ে পালানোর সময় আসামী মোছাঃ মরিয়ম বেগমকে আটক করা হয়। তদন্তে এবং কক্ষ হতে প্রাপ্ত জব্দকৃত আলামত বিভিন্ন ধরনের জিহাদি বই ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা পরিকল্পিতভাবে সরকার বিরোধী সন্ত্রাস ও নাশকতামূলক কার্যাকলাপের অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭.৫৮৫—চট্টগ্রাম ইপিজেড থানার মামলা নং-০২, তারিখ, ০৩-০৯-২০১৬ এ গত ১৮-১২-২০১৫ তারিখ বানৌজা ঈশাখাঁন ঘাটির অভ্যন্তরে বানৌজা পতেঙ্গা মসজিদে জুমার নামাজের সময় আব্দুল মান্নান নামাজ পড়তে আসা মুসল্লিদের উপর পরপর দুটি বোমা নিক্ষেপ করে। এতে ১টি বোমা বিস্ফোরিত হয় এবং ১টি বোমা অবিস্ফোরিত অবস্থায় থেকে যায়। মুসল্লিরা আব্দুল মান্নানকে সনাক্তপূর্বক আটক করে। আসামীর বুকে বোমাসহ সুইসাইডেল ভেস্ট পাওয়া যায়। একই দিন আসামী রমজান আলী বানৌজা ঈসা খানের অভ্যন্তরে অস্থায়ী মসজিদে জুমার নামাজ শুরুর পর পরপর ২টি বোমার বিস্ফোরণ ঘটায়। এতে অনেক লোক গুরুতর আহত হয়। গেট বন্ধ করে তল্লাশী চালালে টয়লেটে পরিত্যক্ত অবস্থায় বোমাসহ আরও একটি সুইসাইডেল ভেস্ট পাওয়া যায়। পুলিশী তদন্তে প্রমাণিত হয়েছে যে আসামীরা জেএমবির সদস্য, তারা বোমা বিস্ফোরণের মাধ্যমে সন্ত্রাসী কার্য সংগঠন এবং সহযোগিতা করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭.৫৮৬—গাজীপুর জেলার জয়দেবপুর থানার মামলা নং-৯০, তারিখ ১২-০৬-২০১৫ এ গত ১১-০৬-২০১৫ তারিখে জামায়াত শিবিরের ৪০/৫০ জন নেতাকর্মী আগামী ১৬-০৬-১৫ তারিখ মানবতা বিরোধী অপরাধের আসামী আলী আহসান মুজাহিদ এর রায়কে কেন্দ্র করে জয়দেবপুর থানা এলাকায় নাশকতা সৃষ্টির লক্ষ্যে জয়দেবপুর থানাধীন জয়দেবপুর সাকিনস্থ তাজ টাওয়ারের নিজ তলায় ইউরো বাংলা রেস্টুরেন্ট এর ভেতরে গোপন বৈঠক করছে এরূপ সংবাদের ভিত্তিতে পুলিশ উক্ত স্থানে উপস্থিত হয়। পুলিশের উপস্থিতি টের পেয়ে পালানোর সময় আসামী মোঃ খায়রুল হাসান (৩৭) সহ ০৩ জনকে আটক করা হয়। তদন্তে এবং তাদের কাছ হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পেট্রোল বোমা, বিভিন্ন ধরনের জিহাদি বই ও লিফলেট ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জনগণের জানমালের ক্ষতি সাধনের উদ্দেশ্যে দাহ্য পদার্থ পেট্রোল বোমা ও ধর্মীয় উন্মাদনা সৃষ্টির লক্ষ্যে জিহাদী বই নিজ দখলে রাখার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭.৫৮৭—গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ থানার মামলা নং-১৬, তারিখ: ১১-০২-২০১৬ খ্রিঃ এ গত ১১-০২-২০১৬ তারিখে গোবিন্দগঞ্জ পৌরসভাধীন বুজরুক বোয়ালিয়া শিল্পপাড়া সাকিনস্থ মোঃ আতাউল হক এর দোতলা বাড়ির নিচতলায় পৌছামাত্র কিছু লোক ছুটাছুটি করে পালিয়ে যায় এবং উক্ত কক্ষ হতে আসামী সাদাত ওরফে রতন মিয়া (২৪) সহ ৫ জনকে আটক করা হয়। তদন্তে এবং তাদের কাছ হতে প্রাপ্ত জব্দকৃত আলামত বিভিন্ন ধরনের জিহাদি বই ও সিমসহ মোবাইল সেট ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জঙ্গী তৎপরতা ও নাশকতামূলক কর্মকান্ড পরিচালনার উদ্দেশ্যে জিহাদী বই হেফাজতে রেখে জমায়েত হয়ে ষড়যন্ত্রে লিপ্ত ও সহায়তা করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭.৫৮৮—যশোর জেলার চৌগাছা থানার মামলা নং ১৯, তারিখ ২০-০৬-২০১৬ এ গত ১৯-০৬-২০১৬ তারিখে হাকিমপুর দাখিল মাদ্রাসার মধ্যে সন্ত্রাসী কর্মকান্ড ঘটানোর জন্য কতিপয় লোকজন গোপন মিটিং করছে এরূপ সংবাদের ভিত্তিতে পুলিশ উক্ত স্থানে উপস্থিত হয়। পুশিলের উপস্থিতি টের পেয়ে পালোনোর সময় আসামী মোঃ মিন্টু (২৭), পিতা মোঃ মোসলেমকে আটক করা হয়। তদন্তে এবং আসামীর নিকট হতে প্রাপ্ত জব্দকৃত আলামত বিভিন্ন ধরনের জিহাদি বই/ লিফলেট ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠন হিজবুত তাহারীর এর সক্রিয় সদস্য। আসামীরা বর্তমান সরকারকে উৎখাতের ষড়যন্ত্রে লিপ্ত এবং সন্ত্রাসী কর্মকান্ডে প্ররোচিত করার উদ্দেশ্যে লিফলেট সংগ্রহ ও নিজেদের হেফাজতে রাখার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৫.১০.০০৫.১৩-৫৯০—জনাব মোঃ জয়দল হোসেন, পিতা হাজী মোঃ বজলুর রহমান, সাং পূর্ণমতি, পোঃ পূর্ণমতি, থানা বুড়িচং, জেলা কুমিল্লা কর্তৃক দাখিলকৃত আবেদন এবং পুলিশ অধিদপ্তরের ০৬-০৯-২০১৭ তারিখের ৪৪.০১.০০০০.০৩৫.০৭.০৫১.১৭-২০৫৫ নং স্মারক মূলে প্রাপ্ত প্রতিবেদনে জানা যায় যে, আবেদনকারীর ছেলে মোঃ হাসানকে আবেদনে বর্ণিত ব্যক্তিগণ ১৫,০০,০০০/-(পনের লক্ষ) টাকা মৌখিক চুক্তিতে সৌদিআরবে ড্রাইভিং ভিসায় ড্রাইভারী পেশায় চাকুরি দেওয়ার কথা বলে নগদ ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা এবং জমি বিক্রি বাবদ ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা গ্রহণ করেন। কিন্তু উক্ত হাসানকে ড্রাইভিং পেশার চাকুরি না দিয়ে সৌদি আরবে নিয়ে ইলেকট্রিক পেশায় চাকুরী দেয়। যারা উক্ত হাসানের ইলেকট্রিক পেশায় তার কোন অভিজ্ঞতা ছিল না, ফলে ১৯-০১-২০১৭ তারিখে বিদ্যুৎ এর শকে সৌদি আরবে মৃত্যুবরণ মর্মে তদন্তে প্রকাশ পায়। ঘটনাটি বাংলাদেশের বাহিরে সংঘটিত হয়েছে বিধায় ফৌজদারী কার্যবিধির ১৮৮ ধারার বিধান মোতাবেক মামলাটি তদন্তের নিমিত্ত এতদ্বারা সরকারি মঞ্জুরি (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭.৫৯১—ঢাকা জেলার রমনা মডেল থানার মামলা নং ১০(০৩)১৭ এর অভিযোগপত্রে উল্লিখিত তথ্যমতে গোপন সংবাদের ভিত্তিতে গত ০৭-০৩-২০১৭ তারিখে পুলিশ রমনা থানাধীন হাতিরঝিল সংলগ্ন লেনস্থ পাগলা মাজার মোড়ের মানিকগঞ্জ স্টিল কারখানার সম্মুখে উপস্থিত হয়। পুলিশের উপস্থিতি টের পেয়ে পালোনোর সময় আসামী রিজওয়ান কাদের ওরফে রিজু ওরফে আব্দুল্লাহ আব্দুর রহমান (৩৩) কে আটক করা হয়। তদন্তে এবং তার কাছ হতে প্রাপ্ত জব্দকৃত আলামত নোটবুক ও সিমসহ মোবাইল সেট ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জেএমবির সক্রিয় সদস্য। তারা রাষ্ট্রের বিরুদ্ধে ষড়যন্ত্রমূলকভাবে ধ্বংসাত্মক কার্যকলাপ পরিকল্পনা করে ফেইসবুকে ঘৃণা, ক্ষোভ, ধর্মীয় উস্কানিমূলক ও সরকার বিরোধী বিভিন্ন পোস্ট করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭.৫৯২—ঢাকা জেলার হাজারীবাগ থানার মামলা নং-৪৩(০৫)১৭ এ গোপন সংবাদের ভিত্তিতে র‍্যাব সদস্যগণ গত ২২-০৫-২০১৭ তারিখে হাজারীবাগ থানাধীন ভাগলপুর রহমাত উল্লাহ সড়কস্থ বাইতুর রহমত জামে মসজিদের সামনে উপস্থিত হয়। র‍্যাবের উপস্থিতি টের পেয়ে পালোনোর সময় আসামী আবু রায়হান মোঃ নূরুল ইসলাম ওরফে দুলাল (৩৫) কে আটক করা হয়। তদন্তে এবং তার কাছ হতে প্রাপ্ত জব্দকৃত আলামত লিফলেট ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা হিযবুত তাহরীরের সক্রিয় সদস্য। তারা রাষ্ট্র তথা সরকারের বিরুদ্ধে লিফলেট বিতরণ করে অপপ্রচার চালিয়ে জনসাধারণকে সন্ত্রাসী কর্মকান্ডে প্ররোচিত করা এবং তৎকাজে সহায়তা করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭.৫৯৩—ঢাকা জেলার বিমানবন্দর থানার মামলা নং ২৫(০১)১৭ এ গত ১৭-০১-২০১৭ তারিখে আব্দুল হালিম (৪০) এর মাধ্যমে বাংলাদেশের বিভিন্ন অঞ্চলের ১০ জন অভিবাসী প্রথমে ফ্লাইটযোগে ও পরে ট্রলারযোগে অবৈধভাবে মালয়েশিয়া প্রেরণের অপেক্ষায় বিমান বন্দরে অবস্থান করছে এরূপ সংবাদের ভিত্তিতে পুলিশ উক্ত স্থানে উপস্থিত হয়। ইমিগ্রেশন পুলিশ ও প্রবাসী কল্যাণ হেল্প ডেস্ক এর সহযোগিতায় ভিকটিম মোঃ রাজিব (১৮) সহ ১০ জনকে উদ্ধার করে এবং ১৮-০১-২০১৭ তারিখে বাড্ডা এলাকায় আব্দুল হালিমের বাড়িতে অভিযান চালিয়ে বিভিন্ন দেশের টাকা, মোবাইল, পাসপোর্ট, ভিসা, পার্সেল কভার এবং এরাইভার এন্ড ডিপারচার কার্ড উদ্ধারপূর্বক জব্দ এবং আসামী মোসাঃ সাহিদা বেগমকে আটক করা হয়। জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা বিভিন্ন দেশের পাসপোর্ট, ভিসা কার্ড, এরাইভাল এন্ড ডিপারচার কার্ড, জাল স্ট্যাম্পসহ অন্যান্য কাগজপত্র নিজেদের হেফাজতে রাখার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) এবং মানব পাচার প্রতিরোধ ও দমন আইন ২০১২ এর ৬/৭/৮/১০(১) ও ১৯৫২ সালের পাসপোর্ট আইনের ৩(চ) এবং ১৯৪৭ সনের বৈদেশিক মুদ্রা আইন (সংশোধন-২০১৫) এর ২৩ ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-৫৯৪—কুমিল্লা জেলার চান্দিনা থানার মামলা নং-১১, তারিখ ০৮-০৩-২০১৭ এ গত ০৭-০৩-২০১৭ তারিখ চান্দিনা থানাধীন কুটুমপুর উত্তর পাড়া এলাকায় দ্রুতগতির গাড়ি থামানোর জন্য সিগনাল দিলে শ্যামলী পরিবহনের গাড়ি হতে ০২ জন লোক হাতে ০২টি ব্যাগ থেকে পুলিশকে লক্ষ্য করে বোমা নিক্ষেপ করে কিন্তু তা বিস্ফোরিত হয়নি। কয়েক রাউন্ড গুলিবর্ষণের পর ০২(দুই) জন আসামীকে গ্রেফতার করা হয় এবং তাদের নিকট হতে ০৪(চার)টি অবিস্ফোরিত বোমা, স্টীলের ছোট বল ইত্যাদি জব্দ করা হয়। জিজ্ঞাসাবাদে এবং তাদের কাছ হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জঙ্গী তৎপরতা ও নাশকতামূলক কর্মকান্ড পরিচালনার উদ্দেশ্যে বোমা বিস্ফোরণের মাধ্যমে সন্ত্রাসী কার্য সংগঠন এবং সহযোগিতা করার [সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১৩)-এর ৬(১) এর (ক)/৬(২)/৮/৯/১০/ ১১/ ১২/ ১৩ ধারা] অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১১.১৭-৫৯৫—সিলেট জেলার কোতোয়ালী মডেল থানার মামলা নং-৩৩, তারিখ ২৯-১১-২০১৬ {ধারা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ৮/৯ (১)১৩} এ গোপন সংবাদের ভিত্তিতে গত ২৮-১১-২০১৬ তারিখে উক্ত থানাধীন কাজলশাহ মধুশহীদ পপুলার ডায়াগনস্টিক সেন্টারের সামনে পাকা রাস্তার উপর নিষিদ্ধ ঘোষিত হিযবুত তাহরীর ৩/৪ জন সদস্য লিফলেট বিতরণ করছে এরূপ সংবাদের ভিত্তিতে পুলিশ উক্ত স্থানে উপস্থিত হয়। পুলিশের উপস্থিতি টের পেয়ে পালানোর সময় আসামী আব্দুল্লাহ যুফাইর মুক্ত (২১), পিতা এসএম নুরুল আলমকে আটক করা হয়। তদন্তে এবং তার কাছ হতে প্রাপ্ত জব্দকৃত আলামত লিফলেট ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা হিযবুত তাহরীর সক্রিয় সদস্য। তারা জনগণকে বিভ্রান্ত করে সন্ত্রাসী কার্যক্রম প্রচার ও লিফলেট বিতরণ করার অপরাধে জড়িত, তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকবাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারামতে এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

তারিখ : ২৬ আশ্বিন ১৪২৪ বঃ/ ১১ অক্টোবর ২০১৭ খ্রিঃ

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৫৭.১৭-৬০৮—মৌলভীবাজার জেলার কুলাউড়া থানার মামলা নং-০৬, তারিখ ০৮-০২-২০১৭ এ আনসার বাহিনীর অভ্যন্তরীণ শৃঙ্খলা নষ্টের চেষ্টা ও বিদ্রোহের উস্কানি প্রদানে লিপ্ত থাকার অভিযোগে আনসার সদস্য হাসানুর রহমান সুমন (২৩) এর বিরুদ্ধে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন ২০০৬ (সংশোধনী-২০১৩)এর ৫৭(১) এবং পেনাল কোডের ১২৪(এ) ধারা মতে মামলা রুজু করা হয়। আনসার বাহিনীর অভ্যন্তরীণ শৃঙ্খলা নষ্টের চেষ্টা ও বিদ্রোহের উস্কানি প্রদানে লিপ্ত তাকার অভিযোগে বর্ণিত আনসার সদস্যের বিরুদ্ধে দন্ডবিধি, ১৮৬০ এর ১২৪(এ) ধারামতে মামলা রুজু/তদন্তের লক্ষ্যে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০২.০৪১.১৭-৬২৬—ঢাকা জেলার চকবাজার থানার মামলা নং ০৯, তারিখ ১৩-১১-২০১৫ এ গত ২০-১০-২০১৫ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর আগমন উপলক্ষে প্রধানমন্ত্রীর গাড়িবহর ঢাকেশ্বরী জাতীয় মন্দিরে পৌছানোর আগ মুহূর্তে চকবাজার মডেল থানাধীন ২২/ক রোডস্থ বিসমিল্লাহ হোটেলের সামনে গাড়িবহর পৌছালে আসামী সাইফুল্লাহ প্রধানমন্ত্রীর গাড়িবহর এর ভিডিও ধারণ করার বিষয়টি এনএসআই এর গোচরীভূত হলে তাকে আটক করে থানায় সংবাদ দিলে চকবাজার থানা পুলিশ আসামী মোঃ সাইফুল্লাহকে তার মোবাইল জব্দপুর্বক গ্রেফতার করে। পরবর্তীতে উক্ত জব্দকৃত মোবাইল পর্যালোচনা করে উগ্রপন্থী ভিডিও পাওয়া যায়। জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামী প্রজাতন্ত্রের কোন ব্যক্তির বা সম্পত্তির ক্ষতি সাধন করার উদ্দেশ্যে সহায়তা বা প্ররোচিত করে, সরকারের বিরুদ্ধে ষড়যন্ত্র করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তাহমিনা বেগম**
উপসচিব।

---

**সুরক্ষা সেবা বিভাগ**
**বহিরাগমন শাখা-২**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩০ আশ্বিন, ১৪২৪ বঃ/১৫ অক্টোবর ২০১৭ খ্রিঃ

বিষয়ঃ **Agreement between the Government of the people's Republic of Bangladesh and the Government of the Democratic Socialist Republic of Sri Lanka on visa exemption for holders of diplomatic and official passports সংক্রান্ত।**

সূত্র ঃ পররাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং ১৯.০০.০০০০.৪১২.৩৫.৪০০.১৫/৮৫১, তারিখ : ২৬ সেপ্টেম্বর, ২০১৭।

নং ৫৮.০০.০০০০.০৪১.০১.০০৩.১৩-১৯৫৮—উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১৪ জুলাই, ২০১৭ তারিখে বাংলাদেশ সরকার ও শ্রীলঙ্কা সরকারের মধ্যে 'visa exemption for holders of diplomatic and official passports' শীর্ষক চুক্তিটি স্বাক্ষরিত হয়। উক্ত চুক্তিটি ০১ নভেম্বর, ২০১৭ তারিখ হতে কার্যকর হবে।

২। এমতাবস্থায়, উল্লিখিত চুক্তি মোতাবেক দু'দেশের কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যহতির বিষয়টি কার্যকর/বাস্তবায়নের লক্ষে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

৩। সকল ইমগ্রেশন চেক পয়েন্টে এ ব্যবস্থা অবিলম্বে কার্যকর হবে।

**সৈয়দা সালমা জাফরীন**
উপসচিব।

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**উপজেলা-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১০ কার্তিক, ১৪২৪/২৫ অক্টোবর ২০১৭

নং ৪৬.০৪৫.০২৭.০৮.১২৯.১২৯.২০১৭-১১৫১—যেহেতু, জনাব আবুল বাসার আকন্দ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলপুর, ময়মনসিংহ এর বিরুদ্ধে তারাকান্দা থানার মামলা নং ১০, তারিখ, ১০-০২-২০১৫ (জিআর ৩১/১৫), ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইন, ধারা ১৫(৩) এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে।

যেহেতু, জনাব আবুল বাসার আকন্দ এর বিরুদ্ধে ফুলপুর থানাধীন বটতলা নামক স্থানে গত ০৯-০২-২০১৫ তারিখে তার নেতৃত্বে শ্যামলী বাংলা নামক যাত্রীবাহী বাসে পেট্রোল বোমা নিক্ষেপ অগ্নিসংযোগ ও ভাংচুর করার মতো গুরুতর প্রকৃতির অভিযোগ রয়েছে। তিনি স্বপদে বহাল থাকলে স্থানীয়ভাবে মামলার সাক্ষীদের ভয়ভীতি প্রদর্শনসহ মামলার কার্যক্রমে প্রভাব বিস্তার করতে পারেন। তার বিরুদ্ধে আনীত অভিযোগ গুরুতর প্রকৃতির হওয়ায় তার দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থে পরিপন্থি মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩খ(১) ধারা অনুসারে ময়মনসিংহ জেলার ফুলপুর উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব আবুল বাসার আকন্দকে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারী করা হ'ল এবং অবিলম্বে কার্যকর হবে।

নং ৪৬.০৪৫.০২৭.০৮.১১৪.১১৪.২০১৬-১১৫২—যেহেতু, জনাব মোতাহার হোসেন তালুকদার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ-এর বিরুদ্ধে তারাকান্দা থানার মামলা নং ১০, তারিখ, ১০-০২-২০১৫ (জিআর ৩১/১৫), ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইন, ধারা ১৫(৩) এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে।

যেহেতু, জনাব মোতাহার হোসেন তালুকদার এর বিরুদ্ধে ফুলপুর থানাধীন বটতলা নামক স্থানে গত ০৯-০২-২০১৫ তারিখে তার নেতৃত্বে শ্যামলী বাংলা নামক যাত্রীবাহী বাসে পেট্রোল বোমা নিক্ষেপ অগ্নিসংযোগ ও ভাংচুর করার মতো গুরুতর প্রকৃতির অভিযোগ রয়েছে। তিনি স্বপদে বহাল থাকলে স্থানীয়ভাবে মামলার সাক্ষীদের ভয়ভীতি প্রদর্শনসহ মামলার কার্যক্রমে প্রভাব বিস্তার করতে পারেন। তার বিরুদ্ধে আনীত অভিযোগ গুরুতর প্রকৃতির হওয়ায় তার দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থে পরিপন্থি মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩খ(১) ধারা অনুসারে ময়মনসিংহ জেলার তারাকান্দা উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোতাহার হোসেন তালুকদারকে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারী করা হ'ল এবং অবিলম্বে তা কার্যকর হবে।

**ড. জুলিয়া মঈন**
উপ-সচিব।

**জাতীয় রাজস্ব বোর্ড**
**রাজস্ব ভবন**

[বিশেষ আদেশ]

তারিখ : ২৯ অক্টোবর ২০১৭

নং ১৮৯/২০১৭/কাস্টমস/৪৭৩—

বিষয় : **সামিট এ্যালায়েন্স পোর্ট লিঃ এর মুক্তারপুরস্থ ইনল্যান্ড ওয়াটার কন্টেইনার টার্মিনাল (IWCT) এ সকল প্রকার আমদানিতব্য পণ্যের কন্টেইনার হ্যান্ডেলিং ও আনস্টাফিং এর আবেদন।**

সূত্র:- ১। সামিট এ্যালায়েন্স পোর্ট লিঃ এর ১৭-০৭-২০১৭ তারিখের পত্র;

২। জাতীয় রাজস্ব বোর্ড এর পত্র নং-৩(১৮) শুল্কঃ রপ্তানি ও বন্ড/২০০৮/৬৯, তারিখ: ০৪-০২-২০১৬;

৩। জাতীয় রাজস্ব বোর্ড এর পত্র নং-৩(১৮) শুল্কঃ রপ্তানি ও বন্ড/২০০৮/৬৬, তারিখ: ০৪-০২-২০১৬;

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

২। সূত্রোক্ত পত্রটি জাতীয় রাজস্ব বোর্ডে পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনান্তে, The Customs Act, 1969 এর Section-13(2)(b) এ প্রদত্ত ক্ষমতাবলে Summit Alliance Port Ltd. কর্তৃক মুন্সীগঞ্জের মুক্তারপুরে স্থাপিত Inland Water Container Terminal (IWCT) এ নিম্নে বর্ণিত ছকে উল্লিখিত ১৯ (উনিশ)টি আমদানি পণ্যের কন্টেইনার হ্যান্ডলিং এর ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ডের সম্মতি জ্ঞাপন করা হলো :

| Sl. No. | Goods Name | H.S. Code |
|---|---|---|
| 01 | Soyabean Meal/ Extraction | 2304.00.00 |
| 02 | DDGS | 2308.00.00 |
| 03 | Corn Glutten Meal | 2302.10.00 |
| 04 | Rape Seed Extraction | 2306.49.00 |
| 05 | Palm Kemels | 2306.60.00 |
| 06 | Waste Paper | Goods under heading 4707 |
| 07 | Hard Coke (Bulk) | 2704.00.00 |
| 08 | Marble Chips (Bulk) | 6802.29.90 |
| 09 | Ball Clay (Bulk) | 2508.10.00 |
| 10 | Staple Fibre | 5509.11.00 |
| 11 | Empty Beverage Can | 7612.90.90 |
| 12 | Marble Stone | 6802.99.00 |
| 13 | Global Salt | 2501.00.99 |
| 14 | Mustard | 1207.50.90 |
| 15 | Onion | 0703.10.19 |
| 16 | Ginger | 0910.11.90 |
| 17 | Garlic | 0703.20.90 |
| 18 | Fertilizer | Goods under heading 3101 to 3105 |
| 19 | Sugar | Goods under heading 1701 & 2940 |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মুহাম্মদ ইমতিয়াজ হাসান**
দ্বিতীয় সচিব (কাস্টমস রপ্তানি ও বন্ড)।

## বাণিজ্য মন্ত্রণালয়
## প্রশাসন-৩ শাখা

### আদেশ

তারিখ : ২৬ আশ্বিন ১৪২৪/১১ অক্টোবর ২০১৭

নং **বাম/প্রঃ-৩/বিসিএস(ট্রেড)/৩(১)/২০০৪(অংশ-২)/১৫০**—আদিষ্ট হয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিপ্তরের বিসিএস (ট্রেড) ক্যাডারের অতিরিক্ত প্রধান নিয়ন্ত্রকের নিম্নবর্ণিত ০১ (এক)টি পদ স্থায়ীভাবে সৃজনে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি :

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতনস্কেল (জাঃ বেঃ স্কেল/২০১৫) | শর্ত/ভিত্তি |
|---|---|---|---|---|
| ০১ | অতিরিক্ত প্রধান নিয়ন্ত্রক | ০১টি | ৫৬৫০০-৭৪৪০০ (গ্রেড-৩) | সংশ্লিষ্ট ক্যাডারের নিয়োগবিধি অনুযায়ী পূরণযোগ্য |

২। এ ব্যয় আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তরের অনুকূলে বরাদ্দকৃত বাজেট হতে মিটানো হবে।

৩। এতে জনপ্রশাসন মন্ত্রণালয় ০৭ সেপ্টেম্বর ২০১৫ তারিখের ০৫.১৬০.০২৮.০২.০০.০৭৪.১৯৭৮-১৫১ নং স্মারকে এবং অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ ১০-০২-২০১৬ তারিখের ০৭.১৫৫.০১৫.০০.০০৫.২০০৩(অংশ-১)/১১১ নং স্মারকের মাধ্যমে সম্মতি প্রদান করেছে। পদটি সৃজনে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয়ের সুপারিশের প্রেক্ষিতে অর্থ মন্ত্রণালয়ের বাস্তবায়ন অনুবিভাগের ২৯-০৬-২০১৬ তারিখের ০৭.০০.০০০০.১৬৫.২৬.০০১.১৪-৪৬ স্মারকের মাধ্যমে বেতনস্কেলের ভেটিং প্রদান করেছে।

৪। পদটি সৃজনে মন্ত্রিপরিষদ বিভাগের ২৪ অগ্রহায়ণ ১৪২৩/০৮ ডিসেম্বর ২০১৬ তারিখে অনুষ্ঠিত প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ২০১৬ সালের ১৯শ তম সভায় ৫৪ নম্বর অনুচ্ছেদে সুপারিশ প্রদান করেছে।

৫। এতে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদন রয়েছে এবং যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করা হয়েছে।

**নাজমুল হক**
**সহকারী সচিব।**

---

### প্রজ্ঞাপন

তারিখ : ০২ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ/১৭ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

নং **২৬.০০.০০০০.০৮৮.৩১.০০৫.১১/১৫৩**—যেহেতু, জনাব মোঃ শহিদুল হক, নিয়ন্ত্রক (বর্তমানে সাময়িক বরখাস্ত ও বাণিজ্য মন্ত্রণালয়ে সংযুক্ত), আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকায় কর্মরত থাকা অবস্থায় আইআরসি/ইআরসি নবায়নসহ অন্যান্য ক্ষেত্রে অবৈধভাবে অর্থ গ্রহণ করেন মর্মে অভিযোগ উত্থাপিত হওয়ায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) এর অসদাচরণ (Misconduct) এবং বিধি ৩(ডি) মোতাবেক দুর্নীতির (Corruption) অভিযোগে গত ২১ অক্টোবর, ২০১৫ তারিখে অভিযোগনামা গঠন করে ০১/২০১৫ নং বিভাগীয় মামলা চালু করে কৈফিয়ত তলব করা হয়;

যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক কৈফিয়তের জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানির প্রার্থনার পরিপ্রেক্ষিতে বিগত ০৬ ডিসেম্বর ২০১৫ তারিখে বিভাগীয় মামলার বিষয়ে ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। ব্যক্তিগত শুনানি অন্তে ঘটনা প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপণের সম্ভাবনা থাকায় ন্যায় বিচারের স্বার্থে বিষয়টি তদন্ত করার জন্য তিন সদস্য বিশিষ্ট তদন্ত বোর্ড গঠিত হয়;

যেহেতু, তদন্ত বোর্ড গত ১২ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে দাখিলকৃত প্রতিবেদনে জনাব মো: শহিদুল হক এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ধারার বর্ণিত অসদাচরণ (Misconduct) এবং বিধি ৩(ডি) ধারার বর্ণিত দুর্নীতির (Corruption) অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং বিভাগীয় মামলা সংশ্লিষ্ট নথি ও অন্যান্য কাগজপত্রসহ প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি অনুযায়ী প্রমাণিত "অসদাচরণ (Misconduct)" এবং বিধি ৩(ডি) মোতাবেক "দুর্নীতির (Corruption)" এর অভিযোগে একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক তাকে চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service) গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণক্রমে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারি করে ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে জবাব প্রদানের নির্দেশ দেয়া হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত ০৯ মার্চ ২০১৭ তারিখে ২য় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন এবং জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তাকে গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত বহাল রাখা হয়;

যেহেতু, প্রস্তাবিত গুরুদণ্ড আরোপের বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন এর মতামত চাওয়া হলে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন জনাব মোঃ শহিদুল হক কে চাকুরী হতে বরখাস্তের (Dismissal from Service) গুরুদণ্ড আরোপের বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত প্রাথমিক সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে;

যেহেতু, জনাব মোঃ শহিদুল হক কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক আদেশ জারির তারিখ হতে চাকুরি হতে বরখাস্তের (Dismissal from Service) গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত মহামান্য রাষ্ট্রপতির কর্তৃক সদয় অনুমোদিত হয়েছে;

সেহেতু, জনাব মোঃ শহিদুল হক, নিয়ন্ত্রক (বর্তমানে সাময়িক বরখাস্তকৃত) এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তাঁর কারণ দর্শানোর জবাব, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন, বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত, মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ অনুমোদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে বর্ণিত অসদাচরণ (Misconduct) ও দুর্নীতির (Corruption) অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক আদেশ জারির তারিখ হতে "চাকুরী হতে বরখাস্তের (Dismissal from Service) গুরুদণ্ড আরোপ করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শুভাশীষ বসু**
সচিব।

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৬

**আদেশ**

তারিখ : ০২ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ/১৭ অক্টোবর ২০১৭ খ্রি.

নং আর-৬/৭এন-৩৭/২০১৭-৪৯৭—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব রোজিয়া বেগম, পিতা-মরহুম মোহাম্মদ জয়নাল আবেদীন আকন্দ-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিটেক প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহেল আহমেদ**
উপসচিব (প্রশাসন-২)।

---

বিচার শাখা-৭

**আদেশাবলি**

তারিখ : ১৫ অক্টোবর ২০১৭ খ্রি.

নং বিচার-৭/২এন-২৬/৯১-৮৮৫—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ মিজানুর রহমান, পিতা-মোঃ নুরুল ইসলাম, মাতা-জয়গুন বিবি, গ্রাম-লালমোহন, ডাকঘর-লালমোহন, উপজেলা-লালমোহন, জেলা-ভোলা) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ভোলা জেলার লালমোহন উপজেলার ০৫ নং লালমোহন ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল :

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ১৬ অক্টোবর ২০১৭ খ্রি.

নং বিচার-৭/২এন-২৪/৮২(অংশ-২)-৮৯১—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ জরিফ উদ্দিন, পিতা-মৃত মোঃ কালা মিয়া, মাতা-ছালেহা খাতুন, গ্রাম-রাধাকান্তপুর, ডাকঘর-করিম নগর, উপজেলা-সদর, জেলা-মৌলভীবাজার।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে মৌলভীবাজার জেলার সদর উপজেলার ১২ নং গিয়াসনগর ইনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল :

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

নং বিচার-৭/২এন-২৪/৮২(অংশ-২)-৮৯২—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ এমদাদুর রহমান, পিতা-মোঃ ইসমাইল মিয়া, মাতা-খেলা বেগম, গ্রাম-আদপাশা, ডাকঘর-জগৎসী, উপজেলা-সদর, জেলা-মৌলভীবাজার।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে মৌলভীবাজার জেলার সদর উপজেলার ০৯ নং আমতৈল ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল :

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ১৭ অক্টোবর ২০১৭ খ্রি.

**নং বিচার-৭/২এন-১০২/২০১৪-৮৯৪**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২(২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব কমল কুমার পাল, পিতা-বাসুদেব পাল, মাতা-অঞ্জলি, গ্রাম ভড়বড়াইল, ডাকঘর-গোছা, উপজেলা-মোহনপুর, জেলা-রাজশাহী।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে রাজশাহী জেলার মোহনপুর উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল :

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগ লাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জি, এম, নাজমুছ শাহাদাৎ**
সিনিয়র সহকারী সচিব।

## সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
## সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
## ডিটিসিএ ও ডিএমটিসি অধিশাখা

**প্রজ্ঞাপন**

তারিখ : ১১ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ/২৬ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

নং **৩৫.০০.০০০০.০৪৯.১৯.০৩২.১৭-১৭২**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অবসরপ্রাপ্ত সচিব জনাব এম, এ, এন, ছিদ্দিক (পরিচিতি নম্বর-১৬১০) কে শতভাগ সরকারি মালিকানাধীন Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর Managing Director পদে নিয়োগ করা হল :

২। তাঁর বেতন-ভাতাদি এবং অন্যান্য সুযোগ-সুবিধা কোম্পানি আইন, DMTCL এর Memorandum and Articles of Association ও পরিচালনা পরিষদ কর্তৃক নির্ধারিত হবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**দীপঙ্কর মন্ডল**
উপসচিব।

## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
## শাখা-৬

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৮ কার্তিক ১৪২৪/২৩ অক্টোবর ২০১৭

**নং সবিম/শা-৬/প্রত্নঃঅধি-১০/২০১০-৫৩৬**—১৯৬৮ ইং সালের (১৪ নং আইন) (১৯৭৬ সালে সংশোধিত) প্রত্নসম্পদ আইনের ১০ ধারার (১) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ "সংরক্ষিত প্রত্নসম্পদ" বলিয়া ঘোষণা করা হইল :

| ক্রমিক | প্রত্নসম্পদের নাম, অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানা | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজার নাম | খতিয়ান নং | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| | প্রখ্যাত সংগীত শিল্পী, শচীনদেব বর্মন এর বাড়ি, আদর্শ সদর উপজেলা, কুমিল্লা। | দক্ষিণ চর্থা | ০১ | ৪৬৮<br>৪৬১ | ০.৫০৯৬<br>০.২২০০ | উত্তর-সরকারি হাঁস মুরগী খামারের অফিস, দক্ষিণ-হাঁস মুরগী খামারের শেড, পশ্চিম-হাঁস মুরগী খামারের চলাচলের শেড, পূর্ব-খামারের সীমানা প্রাচীর ও রাস্তা। | বাংলাদেশ সরকার পক্ষে জেলা প্রশাসক কুমিল্লা। | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**অসীম কুমার দে**
উপসচিব।

## পরিবেশ ও বন মন্ত্রণালয়
## পরিকল্পনা শাখা-২

### প্রজ্ঞাপন

তারিখ : ২৬ অক্টোবর ২০১৭ খ্রি.

নং **২২.০০.০০০০.০৭৯.১৪.০৬৩.১৬-২৮৪**—পরিবেশ ও বন মন্ত্রণালয়ের আওতাধীন বন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "জাতীয় উদ্ভিদ উদ্যান এবং বলধা বাগান, ঢাকা এর সংরক্ষণ ও অধিকতর উন্নয়ন" শীর্ষক প্রকল্পটি সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্তে সার্বিক দিক নির্দেশনা প্রদানের জন্য নিম্নোক্তভাবে স্টিয়ারিং কমিটি (পিএসসি) গঠন করা হল :

**সভাপতি**

১. সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

২. প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর

৩. যুগ্ম-সচিব/অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিবেশ ও বন মন্ত্রণালয়

৪. যুগ্ম-সচিব/অতিরিক্ত সচিব (উন্নয়ন), পরিবেশ ও বন মন্ত্রণালয়

৫. উপপ্রধান, পরিবেশ ও বন মন্ত্রণালয়

৬. প্রতিনিধি, এনইসি-একনেক এন্ড কো-অর্ডিনেশন উইং, পরিকল্পনা বিভাগ

৭. প্রতিনিধি, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন

৮. প্রতিনিধি, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা কমিশন

৯. প্রতিনিধি, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন

১০. প্রতিনিধি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

১১. প্রতিনিধি, পরিকল্পনা উইং, বন অধিদপ্তর

১২. সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান, পরিবেশ ও বন মন্ত্রণালয়

**সদস্যসচিব**

১৩. প্রকল্প পরিচালক, "জাতীয় উদ্ভিদ উদ্যান এবং বলধা বাগান, ঢাকা এর সংরক্ষণ ও অধিকতর উন্নয়ন"

**কমিটির কার্যপরিধি নিম্নরূপ :**

ক. প্রকল্প বাস্তবায়নকালে উদ্ভূত সমস্যা চিহ্নিত করা এবং প্রকল্প বাস্তবায়ন কমিটির সুপারিশসমূহ পর্যালোচনা পূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

খ. প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় তথ্য ও দিক নির্দেশনা প্রদান।

গ. প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদির নিয়ে আলোচনা।

ঘ. কমিটি প্রতি ৩ (তিন) মাসে অন্তত একবার সভার আয়োজন করবে।

ঙ. কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপট(সহযোজিত) করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**দীপান্বিতা সাহা**
সিনিয়র সহকারী প্রধান।

## স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
## প্রশাসন-১ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ৩০ অক্টোবর ২০১৭ খ্রি.

নং **৫৯.০০.০০০০.১০৪.০৬.০০৯.২০১৭-৫০৫**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৫-০৫-২০১৩ খ্রি. তারিখের ০৫.১৭০.০২২.২০.০০.০৪৩.২০১০-১৪৩ সংখ্যক স্মারক মোতাবেক স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন অধিদপ্তর/পরিদপ্তরে রাজস্ব খাতভুক্ত ৩য় ও ৪র্থ শ্রেণির পদে সরাসরি/পদোন্নতির মাধ্যমে পূরণের জন্য গঠিত বিভাগীয় নির্বাচন কমিটি নিম্নরূপভাবে গঠন করা হলো :

**সভাপতি**

০১. পরিচালক (প্রশাসন), সংশ্লিষ্ট অধিদপ্তর/পরিদপ্তর;

**সদস্যবৃন্দ**

০২. উপসচিব/সিনিয়র সহকারী সচিব (জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি);

০৩. উপসচিব/সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ);

০৪. বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়ের একজন প্রতিনিধি;

**সদস্যসচিব**

০৫. উপ-পরিচালক, সংশ্লিষ্ট অধিদপ্তর/পরিদপ্তর।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

**ডা. মোঃ সারোয়ার বারী**
উপসচিব।

---

## স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
## স্থানীয় সরকার বিভাগ
## পৌর-১ শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ৩০ অক্টোবর ২০১৭ খ্রি.

নং **৪৬.০০.০০০০.০৬৩.৩২.০০৩.১৬-১৪৪২**—শেরপুর পৌরসভার ০৩ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব রফিকুল ইসলাম মিয়া গত ৩০-০৯-২০১৭ খ্রি. তারিখ মৃত্যুবরণ করায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩৩(১)(চ) মোতাবেক সরকার উল্লিখিত কাউন্সিলর এর পদ শূন্য ঘোষণা করিল।

নং **৪৬.০০.০০০০.০৬৩.৩২.০০৩.১৬-১৪৪৩**—চুয়াডাঙ্গা পৌরসভার ০৩ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব নাজমুস সালেহীন লিটন গত ২৬-০৯-২০১৭ খ্রি. তারিখ মৃত্যুবরণ করায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩৩(১)(চ) মোতাবেক সরকার উল্লিখিত কাউন্সিলর এর পদ শূন্য ঘোষণা করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রউফ মিয়া**
উপসচিব।

## প্রধানমন্ত্রীর কার্যালয়

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ২৮ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ/১২ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

নং **০৩.২৮.০০০০.০৭২.০৬.০০১.১৭-১৯৩**—মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা ড: তৌফিক-ই-ইলাহী চৌধুরী, বীর বিক্রম মহোদয় এর সভাপতিত্বে এলএনজি আমদানির অর্থ সংস্থানসহ সামগ্রিক বিষয়ে গত ১৮ অক্টোবর ২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী **এলএনজি'র অর্থায়নের বিষয়ে** নিম্নরূপ কমিটি গঠন করা হলো :

**আহবায়ক**

১. অতিরিক্ত সচিব, জ্বালানি বিভাগ

**সদস্যবৃন্দ**

২. ইআরডি'র প্রতিনিধি

৩. অর্থ বিভাগের প্রতিনিধি

৪. আর্থিক প্রতিষ্ঠান বিভাগের প্রতিনিধি

৫. পেট্রোবাংলা'র প্রতিনিধি

৬. বিপিসি'র প্রতিনিধি

৭. বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি

৮. জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিনিধি

**সদস্য-সচিব**

৯. আরপিজিসিএল'র প্রতিনিধি

কমিটির কার্যপরিধি হবে নিম্নরূপ :

(ক) দেশি-বিদেশি অর্থায়নের সম্ভাব্য সোর্স নির্ধারণ।

(খ) বাংলাদেশ ব্যাংক থেকে অর্থায়নের সম্ভাবনা বিশ্লেষণ।

(গ) পুঁজিবাজার থেকে অর্থের উৎস পরীক্ষা করা।

(ঘ) এ বিষয়ে সুপারিশ প্রণয়ন।

কমিটি **১** মাসের মধ্যে রিপোর্ট প্রদান করবে। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহ তাদের প্রতিনিধি মনোনয়নপূর্বক সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কে অবহিত করবে। কমিটির সদস্যগণ ন্যূনতম যুগ্ম-সচিব পদমর্যাদার হবেন।

নং **০৩.২৮.০০০০.০৭২.০৬.০০১.১৭-১৯৪**—মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা ড: তৌফিক-ই-ইলাহী চৌধুরী, বীর বিক্রম মহোদয় এর সভাপতিত্বে এলএনজি আমদানির অর্থ সংস্থানসহ সামগ্রিক বিষয়ে গত ১৮ অক্টোবর ২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী **এলএনজি'র মূল্য নির্ধারণের জন্য** নিম্নরূপ কমিটি গঠন করা হলো :

**আহবায়ক**

১. অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ

**সদস্যবৃন্দ**

২. ইআরডি'র প্রতিনিধি

৩. শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধি

৪. বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি

৫. বাণিজ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি

৬. প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রতিনিধি

৭. বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি

৮. জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিনিধি

৯. পেট্রোবাংলা'র প্রতিনিধি

১০. আরপিজিসিএল'র প্রতিনিধি

**সদস্য-সচিব**

১১. জ্বালানি বিভাগের প্রতিনিধি

কমিটির কার্যপরিধি হবে নিম্নরূপ :

(ক) এলএনজি আমদানির প্রেক্ষিতে ভোক্তা পর্যায়ে গ্যাসের দামের বিভিন্ন সিনারিও বিশ্লেষণ।

(খ) ভোক্তা পর্যায়ে মূল্য বৃদ্ধি ধাপে ধাপে বাস্তবায়ন।

(গ) প্রত্যেক ধাপে প্রাক্কলন করা এবং সরকারি অর্থ সমর্থনের বিষয়টি বিবেচনা করা।

(ঘ) আলোচ্য বিষয়ে সুপারিশ প্রণয়ন।

কমিটি **১** মাসের মধ্যে রিপোর্ট প্রদান করবে। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহ তাদের প্রতিনিধি মনোনয়নপূর্বক সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কে অবহিত করবে। কমিটির সদস্যগণ ন্যূনতম যুগ্ম-সচিব পদমর্যাদার হবেন।

**শামীম আহমেদ**
পরিচালক-৫ (প্রতিকল্প)।

---

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
## আইন ও বিচার বিভাগ
## বিচার শাখা-৭

### আদেশ

তারিখ : ০৮ নভেম্বর ২০১৭ খ্রি:

নং **বিচার-৭/২এন-২৪/১৩-৯৫১**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ শিব্বির আহমেদ, পিতা-মোঃ আশ্রাফ আলী, মাতা-সুফিয়া বেগম, হোল্ডিং নং-৯০/১, গ্রাম-জিরাইতলী, ডাকঘর-হায়দরাবাদ মাদ্রাসা-১৭১০, উপজেলা-গাজীপুর সদর, জেলা-গাজীপুর) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে গাজীপুর সিটি কর্পোরেশনের ৩৯নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জি, এম, নাজমুছ শাহাদাৎ**
সিনিয়র সহকারী সচিব।